

আল-ইনফিতার | Al-Infitar | الْإِنْفِطَار

আয়াতঃ ৮২ : ১৪

আরবি মূল আয়াত:

وَإِنَّ الْفُجَّارَ لَفِي جَحِيمٍ ﴿١٤﴾

অনুবাদসমূহ:

আর নিশ্চয় অন্যায়কারীরা থাকবে প্রজ্জ্বলিত আগুনে। — আল-বায়ান

আর পাপীরা থাকবে জাহান্নামে, — তাইসিরুল

এবং দুষ্কর্মকারীরা থাকবে জাহান্নামে; — মুজিবুর রহমান

And indeed, the wicked will be in Hellfire. — Sahih International

১৪. আর পাপাচারীরা তো থাকবে জাহান্নামে(১);

(১) পাপাচারীরা কি কঠিন শাস্তিতে থাকবে সেটা জানতেও আমাদেরকে পবিত্র কুরআনের অন্যত্র দেখতে হবে, সেখানে বলা হয়েছে, “কখনো না, পাপাচারীদের আমলনামা তো সিজ্জীনে আছে। সিজ্জীন সম্পর্কে আপনি কী জানেন? ওটা চিহ্নিত ‘আমলনামা’। সেদিন দুর্ভোগ হবে অস্বীকারকারীদের, যারা কর্মফল দিনকে অস্বীকার করে, শুধু প্রত্যেক পাপিষ্ঠ সীমালংঘনকারী এটাকে অস্বীকার করে; তার কাছে আমাদের আয়াতসমূহ আবৃত্তি করা হলে সে বলে, “এটা পূর্ববর্তীদের উপকথা। কখনো নয়; বরং তাদের কৃতকর্মই তাদের হৃদয়ে জড় ধরিয়েছে। না, অবশ্যই সেদিন তারা তাদের প্রতিপালক হতে অন্তরিত থাকবে; তারপর তারা তো জাহান্নামে প্রবেশ করবে; তারপর বলা হবে, “এটাই তা যাকে তোমরা অস্বীকার করত।” [সূরা আল-মুতাফফিফীন: ৭-১৭]

তাফসীরে জাকারিয়া

১৪। এবং পাপাচারীরা থাকবে (জাহীম) জাহান্নামে; [১]

[১] যেমন, অন্যত্র আল্লাহ তাআলা বলেছেন, “একদল জান্নাতে এবং একদল জাহান্নামে প্রবেশ করবে।” (সূরা শূরা ৭ নং আয়াত)

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5843>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন